

া নবী (সা.) এর ছলাত সম্পাদনের পদ্ধতি

বিভাগ/অধ্যায়ঃ সালাত বিষয়ে বিস্তারিত রচয়িতা/সঙ্কলকঃ মুহাম্মাদ নাছিরুদ্দিন আলবানী (রহ.)

الليل রাত্রিকালীন ছলতে দাঁড়ানো ও বসা القيام والقعود في صلاة الليل

নাবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) দীর্ঘরাত ধরে দাঁড়িয়ে আবার কখনও দীর্ঘরাত ধরে বসে ছলাত পড়তেন। তিনি যখন দাঁড়িয়ে কিরা'আত পড়তেন তখন দাঁড়িয়ে রুকু করতেন আর যখন বসে কির'আত পড়তেন তখন বসে রুকু করতেন।[1] তিনি কখনও বসে ছলাত আদায়কালে যখন বসে কিরা'আত পড়তেন তখন ত্রিশ বা চল্লিশ আয়াত অবশিষ্ট থাকতে দাঁড়িয়ে যেতেন এবং দাঁড়ানো অবস্থায় সেগুলো পড়ে রুকুতে যেতেন ও সাজদা করতেন। অতঃপর দ্বিতীয় রাকাআতেও এ রকম করতেন। [2]

তিনি কেবল বৃদ্ধ হলেই শেষ বয়সে মৃত্যুর এক বৎসর পূর্বে বসে নফল ছলাত পড়েছেন।[3]

তিনি আসন পেতে (চারজানু হয়ে) ছলাতে বসতেন। অর্থাৎ ডান পায়ের তলা বাম উরুর নীচে ও বাম পায়ের তলা ডান উরুর নীচে করে বসতেন।[4]

ফুটনোট

- [1] মুসলিম ও আবু দাউদ।
- [2] বুখারী ও মুসলিম।
- [3] মুসলিম ও আহমাদ।
- [4] নাসাঈ, ইবনু খুয়াইমাহ স্বীয় "ছহীহ" এর (১/১০৭/২) আব্দুল গনী আল মাকদিসী। "আস সুনান" এর (১/৮০) ও হাকিম, তিনি একে বলেছেন ও যাহাবী তার সাথে ঐকমত্য পোষণ করেছেন।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=8110

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন